যখন তোমাদের কারো পাত্রে মাছি পড়ে যায়, সে যেন তাকে ডুবিয়ে দেয়, অতঃপর উঠিয়ে ফেলে। কারণ, তার এক পাখায় রোগ ও অপর পাখায় আরোগ্য রয়েছে।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “যখন তোমাদের কারো
পাত্রে মাছি পড়ে যায়, সে যেন তাকে ডুবিয়ে দেয়, অতঃপর উঠিয়ে ফেলে। কারণ, তার এক পাখায়
রোগ ও অপর পাখায় আরোগ্য রয়েছে।” অপর বর্ণনায় এসেছে, “আর সে ঐ পাখা দিয়েই আত্মরক্ষা
করে যেটাতে রোগ রয়েছে।” [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাছি সম্পর্কে সংবাদ দিচ্ছেন যে, সেটি পানীয় বস্তুর ভেতর পড়লে পানি দূষিত হয় না, বরং তার দায়িত্ব হচ্ছে উভয়টা পুরোপুরি ডুবিয়ে দেওয়া। তার কারণ, তার এক পাখায় রোগ, আর সেটিই সে পানিতে প্রথম ডুবায়, আর দ্বিতীয় পাখায় আছে ঐ পাখার রোগের আরোগ্য। বর্তমান চিকিৎসা বিজ্ঞানও এই তথ্যের সত্যতা স্বীকার করেছে, যা মুসলিমরা জেনেছে কয়েক শতাব্দি আগে। ইসলামের নি‘আমতের ওপর আল্লাহর অনেক প্রশংসা।

http://www.sunnah.global/hadeeth/bn/show/8363